

মোস্তাফা জব্বার

মন্ত্রী

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



Mustafa Jabbar

Minister

Ministry of Posts, Telecommunications & IT  
Government of the People's Republic of Bangladesh

উপানুষ্ঠানিক পত্র নং-৫৬.০০.০০০০.০০১.৯৯.০০৪.১৫-২৮

তারিখঃ ১০/০৪/১৮

জেলা প্রশাসক

শ্রী বন্দু মুন্ডা

আমার সালাম ও শুভেচ্ছা নিবেন।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক সারা দেশে শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্পের আওতায় দেশের ২৯০১টি শিক্ষা প্রতিষ্ঠানে “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” স্থাপন করা হয়েছে। এ বছর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আরও ১০৬৯টি নতুন কম্পিউটার ল্যাব স্থাপন করা হবে।

উল্লেখ্য যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ইতোপূর্বে স্থাপিত ল্যাবগুলোর কার্যকারিতা এবং সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিগত ২ অক্টোবর, ২০১৬ খ্রিঃ তারিখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং বাংলাদেশের সর্ববৃহৎ তরুণদের প্র্যাটফর্ম CRI (Centre For Research & Information) প্রবর্তিত Young Bangla এর মধ্যে সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষরিত হয়। পরবর্তিতে গত ১৫ মার্চ, ২০১৮ খ্রিঃ তারিখে আরও ২ (দুই) বছর অর্থাৎ আগামী ২০ জুন, ২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত MOU বর্ধিত করা হয়েছে। এই সমঝোতা স্মারক অনুসারে Young Bangla প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবকে কার্যকরভাবে ব্যবহারের লক্ষ্যে কো-অর্ডিনেটর ও ভলান্টিয়ারের দায়িত্ব পালন করবেন এবং ল্যাবগুলোর সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণসহ প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করবেন।

এ পরিপ্রেক্ষিতে সারা দেশে যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” স্থাপিত হয়েছে, সেসব প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক, আইসিটি শিক্ষক, Young Bangla এর কো-অর্ডিনেটর, শিক্ষার্থী এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে নেটওয়ার্কিং মিটিং ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হয়েছে। এরই ধারাবাহিকতায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক “শেখ রাসেল ডিজিটাল ল্যাব, কেন্দ্রীয় সমন্বয়কারী টিম” গঠন করা হয়। পরবর্তীতে কম্পিউটার ল্যাবগুলোকে স্ব-নির্ভর ও স্থানীয় সাইবার কেন্দ্র হিসেবে গড়ে তোলা এবং জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক কর্তৃক প্রদত্ত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি পাঠ্যক্রমে ব্যবহারিক দক্ষতা উন্নয়নে তথা ছাত্রছাত্রীদের প্রযুক্তিগত সহায়তা প্রদানের বিষয়ে কেন্দ্রীয় সমন্বয়কারী টিম এর নিকট মতামত চাওয়া হয়। বিগত ২৯ মে, ২০১৭ খ্রিঃ তারিখে সমন্বয়কারী টিম কর্তৃক প্রস্তাবনা দাখিল করা হয়, যা শিক্ষা অধিদপ্তর, সকল শিক্ষাবোর্ড এবং অন্যান্য স্টেক হোল্ডারদের নিকট সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

কেন্দ্রীয় সমন্বয়কারী টিম এর প্রস্তাবনা অনুযায়ী বাংলাদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবে ছাত্রছাত্রীদের পাশাপাশি বেকার তরুণ-তরুণীরা আইসিটি দক্ষতা বৃদ্ধির জন্য নাম মাত্র মূল্যে প্রশিক্ষণের সুযোগ পাবে। প্রশিক্ষণের জন্য কনটেন্ট কেন্দ্রীয় সমন্বয়কারী টিম অথবা তাদের মাধ্যমে বাছাইকৃত প্রতিষ্ঠানসমূহ তৈরি করবে। পরবর্তীতে উক্ত সৃজনশীল কনটেন্ট ব্যবহার করে শিক্ষা প্রতিষ্ঠানের আইসিটি শিক্ষক এবং ল্যাব কো-অর্ডিনেটরগণ প্রশিক্ষণ পরিচালনা করবে। একটি কেন্দ্রীয় মনিটরিং টুল প্রশিক্ষণসহ আর্থিক বিষয়ে সরাসরি তদারকীর দায়িত্ব পালন করবেন।

শিক্ষামন্ত্রণালয়ের জারিকৃত শিক্ষা প্রতিষ্ঠান ল্যাব পরিচালনা নীতিমালা ২০১২ এর ১৩, ১৫ এবং ১৬ নং নির্দেশনার আলোকে কম্পিউটার ল্যাবগুলোর কার্যক্রম গতিশীল করতে হবে। এছাড়া প্রোগ্রামিং ও প্রজেক্ট ডেভেলপমেন্ট ইত্যাদি বিষয়ে ছাত্রছাত্রী ও তরুণ-তরুণীদের দক্ষতা বৃদ্ধি করতে হবে। এমতাবস্থায় ল্যাব পরিচালনা নীতিমালা ২০১২ এর ১৩, ১৫ এবং ১৬ নং অনুযায়ী প্রস্তুতকৃত গাইডলাইন অনুযায়ী (কপি সংযুক্ত) আপনার জেলার যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে সেই সকল ল্যাবের প্রশিক্ষণ কার্যক্রম CRI-Young Bangla এর মনোনীত প্রতিনিধিদের সাথে সমন্বয় করে পরিচালনার জন্য অনুরোধ করছি।

আপনার আন্তরিক সহযোগিতার জন্য ধন্যবাদ।

মোস্তাফা জব্বার

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ২। প্রকল্প পরিচালক, সারাদেশে শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প।
- ৩। সকল জেলা শিক্ষা অফিসার।
- ৪। সকল উপজেলা নির্বাহী অফিসার।

## শেখ রাসেল ডিজিটাল ল্যাব রক্ষণাবেক্ষণ এবং প্রশিক্ষণ পরিচালনা সংক্রান্ত গাইডলাইন

সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নের নিমিত্ত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে সরকার এ খাতকে বিশেষ গুরুত্বারোপ করে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বব্যাপী প্রয়োগ ও ব্যবহারে কারিগরী সহায়তা নিশ্চিতকরণ; তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সুবিধা সমূহ প্রান্তিক পর্যায়ে পৌঁছানো, অবকাঠামো নিরাপত্তা বিধান ও রক্ষণাবেক্ষণ ও কম্পিউটার পেশাজীবীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চলে ই প্রদান নিশ্চিত করারসা ভিস লক্ষ্যে সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপনের কার্যক্রম হাতে নেওয়া হয়। এরই ধারাবাহিকতায় ইতোমধ্যে ২৮০১ টি শিক্ষা প্রতিষ্ঠানে “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” এবং ১০০টি প্রাথমিক বিদ্যালয়ে “শেখ রাসেল ডিজিটাল ক্লাশরুম” স্থাপন করার কাজ সম্পন্ন হয়েছে এবং চলতি অর্থবছরে আরো ৬৯ টি শিক্ষা প্রতিষ্ঠানে “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” স্থাপনের কাজ চলমান। এছাড়া ২০১৭-১৮ অর্থবছরে আরও ১০০০টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব সমূহ যথারীতি চালু রাখা, এর সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা এবং স্থাপিত যন্ত্রপাতি সমূহ সচল রাখার লক্ষ্যে নিম্নরূপ গাইডলাইন প্রণয়ন করা হলোঃ

১। আইসিটি অধিদপ্তর এর আওতাধীন সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্পের আওতায় সারাদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবগুলো সরকারের তত্ত্বাবধানে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব সম্পত্তি হিসেবে গন্য হবে এবং ল্যাব পরিচালনা, সংরক্ষণ, মেরামতের সকল দায়িত্ব সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পালন করবে। কোন ইকুইপমেন্ট বা তার যন্ত্রাংশ বিকল হলে/হারানো গেলে প্রতিষ্ঠান তাৎক্ষণিক মেরামত করবে, ব্যয়ভার প্রতিষ্ঠানই বহন করবে।

২। ল্যাব পরিচালনার সামগ্রিক দায়িত্বে থাকবেন প্রতিষ্ঠান প্রধান। তবে প্রতিষ্ঠান প্রধানের লিখিত আদেশে কম্পিউটার শিক্ষক প্রতিষ্ঠান প্রধানের দায়িত্ব পালন করতে পারবেন। কম্পিউটার শিক্ষক না থাকলে প্রতিষ্ঠান প্রধান কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত একজন দক্ষ শিক্ষককে দায়িত্ব প্রদান করতে পারবেন এবং গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের ক্ষেত্রে ল্যাব পরিচালনা কমিটির মতামত প্রাধান্য পাবে।

৩। SDG লক্ষ্যসমূহ অর্জনে শিক্ষার গুণগত মান অর্জন একটি প্রধান নিয়ামক। প্রতিষ্ঠানের সকল শ্রেণীর শিক্ষার্থী ও শিক্ষক নিয়মিত ল্যাব ব্যবহার করবেন। এছাড়া প্রতিষ্ঠান প্রধান, বা দায়িত্ব প্রাপ্ত শিক্ষক প্রতিষ্ঠান প্রধানের অনুমোদনক্রমে শিক্ষার্থীদের ল্যাব ব্যবহারের সময়সূচি নির্ধারণ করবেন।

৪। কম্পিউটার ল্যাবগুলোকে মাল্টিমিডিয়া ক্লাশরুম হিসেবে গড়ে তুলতে হবে। সকল শিক্ষার্থী প্রতি সপ্তাহে বিভিন্ন বিষয়ে যুক্তিসঙ্গত সংখ্যক ক্লাশ ল্যাব ভেন্যুর মাল্টিমিডিয়া ক্লাশরুমে করবে। ক্লাশরুটিনে ভেন্যু উল্লেখ থাকবে।

৫। সরকারের স্বার্থ সংশ্লিষ্ট কোন কাজে ল্যাব ব্যবহারের প্রয়োজন হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ জেলা পর্যায়ে জেলা প্রশাসক এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।

  
মোস্তফা জুব্বার  
মন্ত্রী  
তথ্য, টেলিকোমিউনিকেশন ও ডিজিটাল বিষয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



৬। প্রয়োজনে এসএসসি/এইচএসসি পর্যায়ে কম্পিউটার বিষয়ের ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র হিসেবে ল্যাব ব্যবহার করা যাবে।

৭। কম্পিউটার ল্যাব স্থানান্তর যোগ্য নয়। তবে অনিবার্য কারণে স্থানান্তরের প্রয়োজন হলে প্রতিষ্ঠান প্রধান উপজেলা নির্বাহী অফিসারের অনুমোদনক্রমে (বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে ম্যানেজিং কমিটির সাথে পরামর্শক্রমে) প্রতিষ্ঠানের নিজস্ব খরচে নির্ধারিত ভৌত সুযোগ সুবিধা অব্যাহত রেখে স্থানান্তর করতে পারবেন। তবে কক্ষের আকার ন্যূনতম ২০\*১৮ বর্গফুট হতে হবে।

৮। ল্যাবের সকল প্রকার ইকুইপমেন্টস ও আসবাবপত্রের হিসাব দায়িত্ব প্রাপ্ত শিক্ষক স্টক রেজিস্টারে সংরক্ষণ করবেন এবং উক্ত রেজিস্টারের একটি কপি প্রতিষ্ঠান প্রধানের নিকট গচ্ছিত থাকবে।

৯। ল্যাবের দায়িত্ব প্রাপ্ত শিক্ষক ল্যাবের নিরাপত্তা ও পরিচ্ছন্নতা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সহ ল্যাব বন্ধ করার পূর্বে ল্যাবের বৈদ্যুতিক নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করবেন।


১০। ল্যাবের জন্য নির্ধারিত কম্পিউটারসহ অন্যান্য সরঞ্জামাদি কোন অবস্থাতেই ল্যাবের বাইরে ব্যবহার করা যাবেনা। তবে বিশেষ প্রয়োজনে ল্যাপটপ এবং মাল্টিমিডিয়া প্রজেক্টর ইত্যাদি প্রতিষ্ঠান প্রধানের অনুমতি সাপেক্ষে ল্যাবের বাইরে ব্যবহার করা যাবে। অধিকন্তু সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের যে কোন শ্রেণীকক্ষে ল্যাপটপ এবং মাল্টিমিডিয়া প্রজেক্টর নিয়ে মাল্টিমিডিয়া ক্লাশরুমের ন্যায় ব্যবহার করা যাবে।

১১। ল্যাবে সার্বক্ষণিক ইন্টারনেট সংযোগ নিশ্চিত করতে হবে। কোন যান্ত্রিক ত্রুটি বা গোলযোগ দেখা দিলে তাৎক্ষণিক তা প্রতিষ্ঠানের নিজস্ব ব্যয়ে মেরামত করে বা বিকল্প ব্যবস্থা গ্রহণ করে ইন্টারনেট ব্যবহার অব্যাহত রাখতে হবে। ইন্টারনেটের ব্যয়ভার প্রশিক্ষণ থেকে অথবা ল্যাবের আয় থেকে ব্যয় নির্বাহ করতে হবে।

১২। বেকারত্ব দূরীকরণে ল্যাবগুলোর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে। বেকার অথবা আগ্রহী তরুণ তরুণীদের নির্দিষ্ট ফি এর বিনিময়ে বিভিন্ন ট্রেনিং প্রোগ্রাম পরিচালনা করতে পারবে। এসকল কোর্সে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা বিনামূল্যে ও কতিপয় ক্ষেত্রে ২০% কোর্স ফি প্রদান করে অন্যান্য তরুণ তরুণীদের সাথে ট্রেনিং প্রোগ্রামে অংশগ্রহণ করতে পারবে। ট্রেনিং প্রাপ্ত তরুণ তরুণী কিংবা শিক্ষার্থীরা ল্যাবে আউটসোর্সিং ও ফ্রিল্যান্সিং এর মাধ্যমে নিজেদের কর্মসংস্থান তৈরির সুযোগ পাবে। ল্যাবে সরকার নির্ধারিত পাঠদান সময়ের বাইরে কম্পিউটার বিষয়ক প্রশিক্ষণের ব্যবস্থা করা যাবে।

১৩। জেলা ও উপজেলা পর্যায়ের অফিসের কর্মকর্তাগণ নিয়মিত কম্পিউটার ল্যাব এর কার্যক্রম পর্যবেক্ষণ ও তদারকি করবেন। কেন্দ্রীয়ভাবে মনিটরিং টুল ডেভেলপ করে তার মাধ্যমে মনিটর কার্যক্রমকে জোরদার করতে হবে।

১৪। DOICT সহকারী প্রোগ্রামারগণ নিয়মিতভাবে নির্ধারিত ছক মোতাবেক ল্যাব পরিদর্শন করবেন এবং সদর দপ্তরে রিপোর্ট দাখিল করবেন। কেন্দ্রীয় মনিটরিং অফিসার হিসাবে তাঁরা দায়িত্ব পালন করবেন এবং প্রয়োজনীয় কারিগরী সহায়তা প্রদান করবেন।

  
মোস্তফা জাকার  
মন্ত্রী  
জ. ক. টেকনোলজি ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়  
প্রশাসনিক সচিব

১৫। শিক্ষা কার্যক্রম ব্যাহত না করে বাণিজ্যিকভাবে এ ল্যাব স্থানীয় সাইবার সেন্টার হিসেবে ব্যবহার করা যেতে পারে।

১৬। প্রতিষ্ঠান প্রধান/ল্যাবের দায়িত্ব প্রাপ্ত শিক্ষক সকল কম্পিউটার ও অন্যান্য যন্ত্রপাতি সচল রাখার ব্যবস্থা গ্রহণ করবেন। এই গাইডলাইন যথাযথ প্রতিপালন না হওয়ার কারণে ল্যাব বন্ধ থাকলে বা অন্য কোন ভাবে ক্ষতিগ্রস্ত হলে তা প্রতিষ্ঠান প্রধানের অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১৭। ল্যাবের মালামাল যাতে চুরি/খোয়া না যায় সেজন্য সতর্কমূলক বিশেষ ব্যবস্থা গ্রহণ করতে হবে। কোনো কারণে এসব সরকারি সম্পদ চুরি বা খোয়া গেলে তার দায়ভার প্রতিষ্ঠান প্রধানসহ পরিচালনা পরিষদের উপর বর্তাবে এবং চুরি যাওয়ার ৩০ দিনের মধ্যে উক্ত সরঞ্জামাদি উদ্ধার অথবা ক্রয় করে ল্যাব পুনঃস্থাপন করতে হবে।

১৮। প্রকল্প দপ্তর/আইসিটি বিভাগ/আইসিটি অধিদপ্তর/শিক্ষা বিভাগ/শিক্ষা মন্ত্রণালয় থেকে বিভিন্ন সময়ে কম্পিউটার পরিদর্শন ও মনিটরিং এর কাজে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান সহযোগিতা প্রদান করবে।

১৯। শেখ রাসেল ডিজিটাল ল্যাব সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত আইসিটি ডিভিশন বা আইসিটি অধিদপ্তর কর্তৃক নিয়োজিত সংস্থা বা সংস্থার নির্বাচিত কো-অর্ডিনেটর ল্যাব রক্ষণাবেক্ষণ ও প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম DOICT নির্দেশনা মোতাবেক সমন্বয় করতে পারবে।

২০। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০৫৫.১২/৭২৩; ২৩ অক্টোবর ২০১২ খ্রিষ্টাব্দ তারিখে জারিকৃত পরিপত্রের সাথে সামঞ্জস্য রেখে প্রয়োজনীয় নীতিমালা/বিধিমালা প্রণয়ন করতে হবে। এক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের “ শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব পরিচালনার নীতিমালা-২০১২” অনুসরণীয় ও অনুকরণীয় বলে বিবেচিত হবে।




**মোস্তফা জব্বার**  
মন্ত্রী  
ডক. টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শেখ রাসেল ডিজিটাল ল্যাবের প্রশিক্ষণ ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত Business Model


শেখ রাসেল ডিজিটাল ল্যাবের মাধ্যমে প্রদেয় প্রস্তাবিত কোর্সসমূহ এবং ফি এর বিবরণঃ

বিষয়	সময়	পাঠ্যক্রম	ছাত্রছাত্রীদের ফি(জনপ্রতি)	অন্যান্যদের ফি(জনপ্রতি)
বেসিক কম্পিউটার	০৭ দিন	Introduction to computer; File, folder, Create, compress, search, view and right click; Pen drive, Hard disk, Dvd; Cut, Copy, Paste, Undo Find shortcuts. (ctrl); Software, Windows, Anti-virus installation and use; Printer, Scanner and projector installation and use; Control Panel and task bar shortcuts; Internet setup and Wi-Fi; Email account and use; Basic Internet Browsing; Email account creation and use; Social Media (Facebook).	৫০/-	১০০/-

  
মোস্তফা আব্দুল মালিক  
জন. সেলিমুল্লাহেরা ও সুরা মুক্তি বজায়া  
সংক্রান্ত ই-সেবাসেবাস সফটওয়্যার



বেসিক মাইক্রোসফট অফিস	১২ দিন	<p>Microsoft word(Discussion about the common menu bar for all products; Word file creation and save; Page setup and orientation design; Font formatting(Size, color, effect, install, spacing, bullets, alignments Inserting shapes and pictures and their formatting); Inserting table and formatting; Margin, header, footer, page break Equation ; Save as and printing; Microsoft PowerPoint (Introducing PowerPoint Difference from word Slide and slide show How to make your CV Transition and animation); Microsoft excel(Introducing Excel and spread sheet Chart formatting(Row, column); Difference from word; Norma chart/list creation; Cost sheet preparation (problem given).</p>	১৫০/-	২৫০/-
অ্যাডভান্সড মাইক্রোসফট অফিস এন্ড ক্লাউড বেসিকস	১৬ দিন	<p>Microsoft Word (Templates, Content Writing, Customization of Image and shapes, watermark, shortcut keys, web templates, Hyperlinks, equations and symbols) ;</p> <p>Microsoft PowerPoint(Smart Design, Multimedia Content making, Video making, add-ins and recordings);</p> <p>Microsoft Excel(Various types of tables, charts, graphs, data modeling and formulas) ;</p>	২০০/-	৩৫০/-


  
**মোস্তফা জব্বার**  
**মন্ত্রী**  
 জা. তেঁশেবাগাওয়া ও তথা ধার্মিক মজলিস  
 গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

		<p>Microsoft Access( basic database, excel and xml files);</p> <p>Cloud basics( OneDrive, survey and online forms);</p> <p>Basics of Microsoft sway, publisher, OneNote and picture manager.</p>		
বেসিক ট্রাবলশুটিং	১০ দিন	<p>Chapter-1: Introduction to Computer;</p> <p>Chapter-2 :Software Installations and System Updates;</p> <p>Chapter-3: Control Panel;</p> <p>Chapter-4: Multimedia;</p> <p>Chapter-5: Internet;</p> <p>Chapter-6 :Security;</p> <p>Chapter-7: Database;</p> <p>Chapter-8: Hardware;</p> <p>Chapter-9: Hardware Troubleshooting ;</p> <p>Chapter-10: Software Troubleshooting;</p>	২০০/-	৪০০/-



মোস্তফা জাহাঙ্গীর  
মন্ত্রী  
জর. টেকনোলজি ও ডাটা সুরক্ষা বিভাগ  
শেখ হাসিনা সরকার

গ্রাফিক্স ডিজাইন	২৫ দিন	<p>Adobe Photoshop(Introduction of tools, photo editing, clipping path, ecommerce product design and retouching, masking, banner design, logo design, business card design and all other digital print related works) ;</p> <p>Adobe Illustrator(Introduction of tools, Advanced use of Pen tool, Logo Design, Banner design, Poster Design, various cards design, cartoon design, magazine and book cover design) ;</p> <p>Adobe Premier Pro(Introduction of Tools, basic and advanced level video editing) ; Basic use of After Effect and other software.</p>	800/-	৫০০/-
বেসিক ফ্রিল্যান্সিং	০৭ দিন	<p>Introduction; Things you need; Platforms ; Top market places; Account creation; Bidding ; Hourly vs fixed price projects; Types of projects and profiles; Payment methods; Rating / Feedback; Ranking; Deadline; Escrow; Mediations / Arbitrations;</p> <p>Development techniques ;</p> <p>Learning Resources; Suggestions.</p>	১০০/-	৩০০/-
ওয়েব ডিজাইন (ভিজুয়াল স্টুডিও)	১০ দিন	<p>Introduction, templates and Solution Explorer(Home Screen creation); Design and source differences, Tool Box and it's use Property, Administration Tool, User, access and roles(login page and member's page basics),</p> <p>SQL Data source(Database creation and</p>	২০০/-	800/-



মোস্তফা জব্বার  
মন্ত্রী  
ডাব. টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



		data saving), More Tool Box(More designing, icons, tools ), Publishing (Domain, Hosting and publishing the web).		
কমিউনিকেশন স্কিল ডেভেলপমেন্ট	০৭ দিন	Existing Difference analysis; Proposal Writing; Virtual Communications; Language Skill; Spoken English; Presentation/Pitching Skill; Interview/Viva Skill; Tips and Techniques; Security.	১০০/-	৩০০/-


  
 মোস্তফা জুব্বার  
 মন্ত্রী  
 গণ, সেসিকোমসেপ ও ডিআই প্রকৌশল মন্ত্রণালয়  
 স্বাধীনতা পল্লী, কক্সবাজার সরকার

প্রতিটি “শেখ রাসেল ডিজিটাল ল্যাব ”-থেকে আনুমানিক ন্যূনতম মাসিক আয়ের পরিমাণঃ

আয়ের উৎস	প্রতি এককে আয় (টাকা)	সংখ্যা	মোট আয় (টাকা)
প্রশিক্ষার্থীদের নিকট হতে গৃহিত কোর্স ফি	২৫০/-	৩২	৮,০০০/-
ইন্টারনেট সেবা • বিভিন্ন ফর্ম পূরণ; • অনলাইনে বিল পরিশোধ; • ব্রাউজিং; • ই-মেইল; • ভিডিও কনফারেন্স; • প্রিন্টিং	৫০/-	৩০০	১৫,০০০/-
সর্বমোট আয়ের পরিমাণ			২৩,০০০/-

আয়ের উৎস সমূহের বিবরণ :

১। প্রতিটি ল্যাবে প্রতি মাসে ন্যূনতম ২টি ব্যাচে বিভক্ত করে প্রশিক্ষার্থীদের মাঝে প্রশিক্ষণ পরিচালনা করা হবে। প্রতি ব্যাচে ১৬ জন করে ২টি ব্যাচে মোট ৩২ জন প্রশিক্ষার্থী প্রশিক্ষণে অংশগ্রহণ করবে।

২। প্রতিদিন ন্যূনতম ১০ জন করে স্থানীয় জনসাধারণকে সেবা প্রদান করা হলে প্রতিমাসে অন্তত প্রতিটি ল্যাবে স্থানীয় ৩০০ জন মানুষ প্রত্যক্ষ সেবা গ্রহণ করতে পারবে। ইন্টারনেট সেবা প্রদানের বিনিময়ে স্কুলের শিক্ষক এবং Lab Coordinator সমন্বয় করে সাধারণ মানুষের কাছ থেকে ন্যূনতম ৫০/- ফি হিসেবে গ্রহণ করতে পারবে।

মোস্তফা জব্বার  
মন্ত্রী  
১৯ টেকনিক্যাল সেক্টর ও সিসি প্রকল্প মন্ত্রণালয়  
প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রশিক্ষণ পরিচালনার ব্যয় বিভাজন

আইসিটি অধিদপ্তর/আইসিটি বিভাগের মাধ্যমে উপযুক্ত সংস্থা নির্বাচনের মাধ্যমে প্রশিক্ষণ ও পরিচালনার দায়িত্ব অর্পন করা যেতে পারে।


বিষয়			আনুপাতিক হার	ব্যাখ্যা
নির্বাচিত ল্যাব কোর্ডিনেটর (নির্বাচিত সংস্থা কর্তৃক মনোনীত)			২০.০০%	১। উল্লেখিত প্রশিক্ষণ পরিচালনা করা। ২। নিয়মিত ল্যাব পরিদর্শন ও রক্ষণাবেক্ষণ করা; একই সাথে ল্যাবের যন্ত্রপাতি নিয়মিত পর্যবেক্ষণ করা। ৩। শিক্ষকদের সাথে সমন্বয় করে ল্যাব পরিচালনার ব্যবস্থা করা। ৪। জেলা প্রতিনিধির কাছে নিয়মিত রিপোর্ট করা।
জেলা কোর্ডিনেটর			১০.০০%	১। মনিটরিং করা। ২। ছবি, ভিডিও পাঠানো এবং স্কাইপে কলের যোগাযোগ রক্ষা করা।
শিক্ষা প্রতিষ্ঠান	৫৫.০০%	প্রতিষ্ঠান ফান্ড এবং আইসিটি শিক্ষক	২৫.০০%	১। ল্যাব রক্ষণাবেক্ষণ সুষ্ঠুভাবে পরিচালনা করার করার জন্য। ২। ল্যাবের বিভিন্ন যন্ত্রাংশ মেরামত, ল্যাব রক্ষণাবেক্ষণ ও সংরক্ষণের জন্য নিরাপত্তা বিধানের স্বার্থে প্রতিষ্ঠানের ল্যাব ফান্ডে সংরক্ষিত থাকবে এবং ল্যাবের সম্পত্তি হিসাবে গন্য হবে।
		বিদ্যুৎ	৫.০০%	১। ল্যাবের বিভিন্ন কার্যক্রম পরিচালনায় ব্যবহৃত বিদ্যুৎ বিল পরিশোধের জন্য।
		ইন্টারনেট	১০.০০%	১। ল্যাবের বিভিন্ন প্রশিক্ষণে ইন্টারনেট। ২। স্থানীয় সাইবার কেন্দ্র হিসেবে ব্যবহারের সময় ব্যবহৃত ইন্টারনেট। ৩। ছাত্র ছাত্রীদের মাঝে পাঠদানের সময় ব্যবহৃত ইন্টারনেট।
		নিরাপত্তা	১০.০০%	১। ল্যাবের সরঞ্জামাদির সার্বিক নিরাপত্তার ব্যবস্থা নিশ্চিত করা। ২। প্রতিষ্ঠান প্রধানের নিকট প্রতিদিন রিপোর্ট করা। ৩। ল্যাবে রেজিস্ট্রেশন ব্যতীত বা প্রতিষ্ঠান প্রধানের অনুমতি ছাড়া অন্য যেকোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের প্রবেশাধিকার সংরক্ষণ করা।
কেন্দ্রীয় সমন্বয়কারী টিম/ সংস্থা			১০.০০%	১। ট্রেনিং আউটলাইন এবং ম্যানুয়েল সরবরাহ। ২। ল্যাবে অনুষ্ঠিত সকল ট্রেনিং প্রোগ্রামের সার্বিক সমন্বয় জেলা কো-অরডিনেটরের মাধ্যমে নিশ্চিত করা। ৩। নিয়মিত দেশের বিভিন্ন ল্যাব পরিদর্শন করা। ৪। সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ডের প্রামাণ্য চিত্র ল্যাবে প্রদর্শনীর জন্য সরবরাহ করা।
আইসিটি সক্ষমতা বৃদ্ধিজনিত ফান্ড			১০.০০%	১। প্রতিমাসে জেলা পর্যায়ে ৩ দিন ব্যাপি নতুন কোর্সে প্রশিক্ষণ দেওয়া। ২। Coordinator দের TA/DA দেওয়া হবে। হবে।
মোট			১০০.০০%	

  
**মোস্তাক জব্বার**  
**মন্ত্রী**  
**জস. টেকনোলজি ও জ্ঞান যুগে নতুন শিক্ষা**  
**লক্ষ্যসমূহ পূরণের দায়িত্ব**



**শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিচালনার সাথে সম্পৃক্ত ব্যক্তিদের কার্যপরিধি**

ক্ষেত্র	পদবী	কার্যপরিধি
ল্যাব রক্ষণাবেক্ষণ	প্রতিষ্ঠান প্রধান এবং আইসিটি শিক্ষক	১। ল্যাবের সার্বিক সমন্বয়ে দায়িত্ব পালন। ২। রিপোর্ট-রিটার্ন প্রস্তুতিতে সহায়তা দান। ৩। ল্যাবের সরঞ্জামাদির ক্ষয়ক্ষতি/চুরি হলে প্রয়োজনীয় আইন প্রয়োগে কর্তৃপক্ষকে সহায়তা করা ও ক্ষতিপূরণের ব্যবস্থা গ্রহণ। ৪। ICT শিক্ষকগণ ল্যাবের সকল যন্ত্রাংশ নিয়মিত ল্যাব বন্ধের আগে চেক করে রাখা। ৫। ল্যাবের সার্বিক নিরাপত্তার ব্যবস্থা নিশ্চিত করা।
	নির্বাচিত ল্যাব কোর্ডিনেটর এবং ভলান্টিয়ার ল্যাব পরিচালনা কমিটি	১। ল্যাবের সার্বিক রক্ষণাবেক্ষণ করা এবং রেজিস্টার খাতা বজায় রাখা। ২। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক ল্যাবে অনুষ্ঠিত সকল কার্যক্রমে অংশগ্রহণ করা। ৩। ল্যাবে নিয়মিত নিজেদের পরিদর্শন নিশ্চিত করা। ৪। ল্যাবের নিরাপত্তার ব্যবস্থা নিয়ে স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণের সাথে সমন্বয় করে কাজ করা। ৫। ল্যাবে নিয়মিত সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড নিয়ে বিভিন্ন ধরনের প্রদর্শনীর ব্যবস্থা করা।
		১। ল্যাবের সার্বিক তত্ত্বাবধান করা এবং নিয়মিত খোঁজ খবর রাখা। ২। পরিচালনা কমিটির সদস্যগণ ল্যাবে অনুষ্ঠিত সকল কার্যক্রমে "নির্বাচিত ল্যাব Coordinator"-দেরকে সার্বিকভাবে সম্পৃক্ত করে যথাযথ সমন্বয় সাধন করবেন।
	প্রতিষ্ঠান প্রধান এবং আইসিটি শিক্ষক	১। ছাত্রছাত্রীদের তালিকা প্রদান এবং সমন্বয় করা। ২। ছাত্র ছাত্রীদের ট্রেনিং প্রোগ্রামে উপস্থিতি নিশ্চিত করা।
	নির্বাচিত ল্যাব কোর্ডিনেটর এবং ভলান্টিয়ার	১। বিনা পারিশ্রমিকে ট্রেনিং প্রদান করা।
	ল্যাব পরিচালনা কমিটি	১। সার্বিক তত্ত্বাবধান করা এবং সার্টিফিকেট প্রদান করা। ২। ট্রেনিং-এর জন্য নির্বাচিত ল্যাব Coordinator-দেরকে সার্বিকভাবে সহযোগিতা প্রদান করবেন।
বেকার তরুণ তরুণীদের ট্রেনিং	প্রতিষ্ঠান প্রধান এবং আইসিটি শিক্ষক	১। ট্রেনিং প্রদানে কোর্ডিনেটরদের সহযোগিতা করা।
	নির্বাচিত ল্যাব Coordinator এবং ভলান্টিয়ার	১। নীতিমালায় নির্ধারিত কোর্স ফি অনুসারে পারিশ্রমিকের বিনিময়ে ট্রেনিং পরিচালনা করা
	ল্যাব পরিচালনা কমিটি	১। তালিকা অনুমোদন এবং সার্টিফিকেট প্রদান করা। ২। ট্রেনিং-এর জন্য "নির্বাচিত ল্যাব Coordinator"-দেরকে সার্বিকভাবে সহযোগিতা প্রদান করবেন।

  
**মোস্তফা জুব্বার**  
**সম্প্রদায়িক**  
 ডায়. টেলিযোগাযোগ ও ডেটা দপ্তর মহলা  
 গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার